# ৪৫তম বিসিএস লিখিত প্রস্তুতি

Live Written Subjective Suggestion

**বিষয় - ইংরেজি**
**পূর্ণমান - ২০০**

----------------------------

## প্রাথমিক আলোচনা:

Live Written কর্তৃক ৪৫তম বিসিএস লিখিত প্রস্তুতি ১৫ জুন ২০২৩ তারিখ থেকে শুরু হয়েছে। শুরুর পূর্বে কিছু কথা বলে রাখা প্রয়োজন:

লিখিত পরীক্ষা বিসিএসের মূল পরীক্ষা হিসাবে বিবেচিত। এই পরীক্ষার মাধ্যমেই মূলত একজন পরীক্ষার্থী সিভিল সার্ভিসের জন্য কতটুকু যোগ্য তা যাচাই করা হয়। পরীক্ষার্থীর সাধারণ জ্ঞানের পাশাপাশি বিশ্লেষণী দক্ষতা, ব্যক্তিগত রুচিবোধ, সমস্যা চিহ্নিত করা এবং তা সমাধানের দক্ষতা, ভাষান্তরের দক্ষতা, ব্যাকরণগত দক্ষতা, নিজস্ব দৃষ্টিকোণ থেকে কোনো বিষয় বর্ণনা করার দক্ষতা ইত্যাদি বিষয়গুলো সুক্ষ্মভাবে যাচাই করা হয়।

আপনারা সকলেই জানেন যে, প্রিলিমিনারি পরীক্ষার কোনো নম্বর পরবর্তী ধাপে আর কাজে লাগে না। কিন্তু লিখিত পরীক্ষা ও ভাইভার নম্বর একত্রিত করেই মেধাক্রম নির্ধারণ করা হয় এবং এই মেধাক্রমের ভিত্তিতে ক্যাডার পাওয়া - না পাওয়ার বিষয়টি নিবেচিত হয়। ভাইভার নম্বর আপনার হাতে নেই, সেটা বোর্ড নির্ধারণ করে দেয়। কিন্তু লিখিত পরীক্ষায় ভালো করা – না করা সম্পূর্ণ আপনার হাতে। আপনি যত সুন্দর গোছানো উপায়ে প্রশ্নের উত্তর করবেন, আপনি ততই প্রতিদ্বন্দ্বীদের থেকে এগিয়ে থাকবেন।

জেনারেল ক্যাডারের জন্য লিখিত পরীক্ষায় ৬টি বিষয়ে মোট ৯০০ নম্বরের পরীক্ষা হয়ে থাকে। যেহেতু লিখিত পরীক্ষার নম্বরের উপর উপরই মূলত ক্যাডার পাওয়া বা না পাওয়ার মেধাক্রম নির্ভর করে, তাই এই পরীক্ষার প্রতিটি নম্বর গুরুত্বপূর্ণ। ৯০০ নম্বরের মধ্যে যত বেশি সম্ভব, নম্বর পাওয়ার চেষ্টা করুন! - এটাই লিখিত পরীক্ষার মূলমন্ত্র!!

## পিএসসি কর্তৃক ইংরেজি পরীক্ষার সিলেবাস:

### সাধারণ ক্যাডার এবং পেশাগত উভয় ক্যাডারের জন্য:

- Total Marks: 200 Marks
- Subject Code: 003

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

## Part - A

## Marks - 100

### 1. Reading Comprehension

An unseen passage dealing with a topic relevant to our times will be set. Candidates will be required to answer (a) a number of thematic questions that will test their understanding of the passage **(30 marks)**, and (b) a number of questions related to grammar and usage. **(30 marks)**

**2.** Candidates will be required to write a summary of the given passage in their own words within 100 words. **(20 marks)**

**3.** Candidates will have to write a letter relating to the thematic issue of the given passage to the editor of an English newspaper. **(20 marks)**

## Part - B

## Marks – 100

**1.** Candidates will be required to compose an essay on a topic related to an issue of topical relevance. The essay must conform to the word limit set and must convey a candidate's ability to express his or her ideas clearly and correctly in English as well as reflect and analyze a topic of contemporary interest. **(50 marks)**

### 2. Translation from English into Bangla and Bangla into English

Candidates will be required to translate a short passage from Bangla into English and another from English into Bangla. **(25 + 25 = 50 marks)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

## Part - A এর বিস্তারিত গাইডলাইন:

### ❖ Unseen Passage - Thematic Questions (3 × 10 = 30)

এই অংশে একটি Unseen Passage দেয়া থাকবে। এ অংশে ভালো করার জন্য অনুশীলনের কোন বিকল্প নেই। এই অংশ দ্বারা মূলত একজন পরীক্ষার্থীর Understanding ক্ষমতা পরীক্ষা করা হয় । তাই Unseen Passage টি বুঝে তা থেকে উত্তর দিতে হবে । এখান থেকে মূলত ১০ টি প্রশ্নের উত্তর দিতে হবে। এগুলোর সর্বমোট মান হবে ৩০। অর্থ্যাৎ প্রত্যেকটি প্রশ্নের জন্য ৩ মার্কস বরাদ্দ।

Unseen Passage টি মোটামোটি বড় আকারের হয়ে থাকে। এটি সাধারণত কোন পত্রিকার কলাম বা কোন ম্যাগাজিনের আর্টিকেল হয়ে থাকে। নির্দিষ্ট কোন টপিক নিয়ে এটি হয় না। তাই নির্দিষ্ট কোন বই পড়লে কমন আসবে এমন কোন সুযোগ নেই। তবে কিছু কৌশল অনুসরণ করে একজন পরীক্ষার্থী তার English Language Understanding ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে এখান থেকে Effectively উত্তর দিতে পারবেন। এক্ষেত্রে পূর্ববর্তী পরীক্ষাগুলোর প্রশ্ন বিশ্লেষণের মাধ্যমে প্রশ্ন সম্পর্কে একটা আইডিয়া করা যায়।

### ➢ লেখার কৌশল:

- প্রথমেই সময় পরিকল্পনা। এটা লিখিত পরীক্ষার সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার। অনেকেই Unseen Passage এর প্রশ্নের উত্তরে বেশি সময় দিতে গিয়ে পরে অন্যান্য প্রশ্নগুলো যথাযথভাবে উত্তর দিতে পারেন না। তাই আগেই ঠিক করে রাখতে হবে এই অংশে সর্বোচ্চ কত সময় ব্যায় করা যাবে।
- এবার Passage টি যেহেতু ভালোভাবে বুঝা অত্যন্ত জরুরী তাই উত্তর লেখা শুরু করার আগে এটি একাধিকবার পরে ভালোভাবে বুঝে নিতে হবে। এক্ষেত্রে আগে প্রশ্নগুলো পড়ে নিলে টার্গেট সেট করে নেয়া যায় যে ঠিক কি ধরণের ইনফরমেশন আপনাকে Passage থেকে বের করতে হবে। তাই শুরুতেই প্রশ্ন পড়ে নিয়ে প্রশ্নের গুরুত্বপূর্ণ Keyword মার্ক করে নিতে হবে । এবার একটা একটা প্রশ্নের একটা একটা Keyword ধরে প্যাসেজে ওই কি ওয়ার্ড টি চিহ্নিত করতে পারলে সহজেই উত্তর দেয়া যাবে।
- Passage থেকে উত্তর দেয়ার সময় কোন বাক্য কপি করা যাবেনা, Sentence এর structure/ formation পরিবর্তন করে বা synonym/antonym ব্যবহার করে বা Sentence কে paraphrase করে উত্তর করা যেতে পারে।
- Grammar & Spelling ভুল করা যাবেনা। এক্ষেত্রে Complex and Compound Sentence ব্যবহার করলে নিঃসন্দেহে উত্তরের গুণগত মান অনেক বেড়ে যায়। তবে যদি ভুল হবার সম্ভাবনা থাকে বা Complex and Compound Sentence ব্যবহারে যথার্থ পারদর্শীতা না থাকে, তবে Simple Sentence ব্যবহারই শ্রেয়।
- যেহেতু ৩ মার্কের প্রশ্ন তাই কমপক্ষে ৩টি বাক্য লেখা উচিত প্রতি উত্তরে। তবে কোন তথ্য যাতে বারবার রিপিট না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। বা কোন তথ্য যাতে একেবারেই প্রশ্নের সাথে unrelated না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

- Passage এর বাহিরের কোন বিষয়ের সাথে এর অভ্যন্তরীণ কোন কিছু মিক্সড না করা ভালো।
- গত কয়েক বছরের প্রশ্ন বিশ্লেষণ করলে দেখা যায় Passage এর Title নিয়ে একটি প্রশ্ন থাকে। সচরাচর Passage এর শুরু এবং শেষের দিক analysis করলে এই প্রশ্নের উত্তর সহজেই পাওয়া যায়।
- Formal language ব্যাবহার করতে হবে। Passive Voice & Modal Auxiliary এর ব্যবহারে ভাষাটা Formal করে তুলতে হবে। Contraction/Slang ব্যবহার করা যাবেনা।

➢ **রেফারেন্স:**

✓ দেশি ইংরেজি পত্রিকা ও বিদেশী অনলাইন নিউজ পোর্টাল – এর গুরুত্বপূর্ণ নিউজ প্রতিবেদন ও সম্পাদকীয়।
✓ ভালো কোন গ্রামার বই।
✓ যেকোন ভালো গাইড বই।
✓ এস.এস.সি ও এইচ.এস.সি – টেস্ট পেপার থেকেও পড়তে পারেন।
✓ গত কয়েক বছরের বিসিএস ইংরেজি লিখিত পরীক্ষার প্রশ্ন।

এছাড়াও আরো অধিক অনুশীলনের জন্য Cambridge IELTS Reading (8 - 16) এর Passage গুলো পড়ে দেখা যেতে পারে।

❖ **Unseen Passage: Grammatical Usage (30)**

এই অংশে Given Unseen Passage থেকে ৪-৫টি(বিগত বছরগুলোতে অশিকাংশ সময়েই ৪ টি এসেছে) আলাদা আলাদা Grammar ভিত্তিক প্রশ্ন থাকবে। গত কয়েক বছরের প্রশ্নগুলো বিশ্লেষণ করলে দেখা যায় এই পার্টে নিম্নোক্ত বিষয়ভিত্তিক প্রশ্ন এসেছে-

- Writing 5 word meanings in English using Contextual Clues.
- Fill in the empty cells with parts of speech.
- Writing synonyms/antonyms and making sentences with them.
- Sentence making.
- Breaking down into simple sentences.
- Join the sets of sentences.

➢ **লেখার কৌশল:**

- মূলত এই অংশে ভালো করার জন্য শুধু Vocabulary জানলেই হবে না বরং Context ভিত্তিক Vocabulary জানতে হবে। তাই Word list মুখস্থ করার চেয়ে Newspaper/English articles পড়ার সময় নতুন শব্দ গুলো মার্ক করে অর্থ ও Synonyms/antonym জেনে নেয়ার অভ্যাস করতে হবে। বিভিন্ন Phrase এর অর্থ জানতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

- Grammar অংশে যা থাকে তা Unseen Passage অনুসারেই থাকে। তাই কোন শব্দ একেবারেই অপরিচিত মনে হলে Passage এর যে অংশে শব্দটি রয়েছে সেই অংশটুকু ভালো করে (২/৩ বার) পড়ুন। এতে শাব্দিক অর্থ বুঝতে কষ্ট হলেও Contexual Meaning সহজেই ধরতে পারবেন।

- বিভিন্ন Grammar বইয়ে Parts of Speech এর লিস্ট থাকে। সেই লিস্টটা পড়ে নেয়া ভালো। বিশেষ করে Noun,Verb, Adverb & Adjective অংশটুকু পড়ে নিতে হবে।

- এছাড়াও কয়েক বছর আগে Join the sets of Sentence জাতীয় প্রশ্ন এসেছে। এজন্য Connectors এর ব্যবহার জানতে হবে। Connector ব্যবহার করে সহজেই Sentence যোগ করে ফেলা যায়।।এছাড়াও এই অংশে এবং Breaking down into simple sentence অংশে ভালো করার জন্য Transformation of Sentence এর Rules গুলো জানতে হবে।

➢ **রেফারেন্স:**

✓ ভালো কোন গ্রামার বই।
✓ যেকোন ভালো গাইড বই।
✓ এস.এস.সি ও এইচ.এস.সি – টেস্ট পেপার থেকেও পড়তে পারেন।
✓ গত কয়েক বছরের বিসিএস ইংরেজি লিখিত পরীক্ষার প্রশ্ন।
✓ Cliffs TOEFL.

## ❖ Summary of the given passage. (20)

এই অংশে Given Unseen Passage টির Summary লিখতে হবে।

➢ **Tips & Strategy:**

- সামারি লেখার পূর্বে যেটি মাথায় রাখতে হবে কোন বাক্য ডিরেক্ট কপি করা যাবেনা। Use synonymous words or phrase to avoid copying.
- Summary এর আকার বেশী বড় হবেনা। ১০০ শব্দে লেখার ইন্সট্রাকশন থাকে, ৪-৫ শব্দ এদিক সেদিক হতে পারে। তবে এর বেশী যাতে না হয়। ১০০ শব্দ হলো কিনা সেটা আসলে পরীক্ষার হলে গুণে গুণে লেখা মুশকিল, তাই বাসাতেই আগে প্র্যাক্টিস করার সময় খেয়াল করুন আপনার হাতের লেখায় একশো শব্দ আসলে একটা পৃষ্ঠার কতোটুকু পূর্ণ করে। তাহলে পরীক্ষার হলে ১০০ শব্দের জন্য কতটুকু জায়গা লাগে আপনার এ ব্যাপারে আইডিয়া থাকবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

## ➢ লেখার কৌশল:

- প্রথমেই Given passage টি ভালো করে বুঝতে হবে। এক্ষেত্রে Skimming and Scanning techniques এর মাধ্যমে Passage এর মূল কথাটুকু ধরার চেষ্টা করতে হবে।
- বোঝার সুবিধার্থে পুরোটা একবারে বুঝার চেষ্টা না করে প্যারা প্যারা করে বিভক্ত করে প্রত্যেক প্যারার Topic sentence catch করার চেষ্টা করতে হবে।
- Passage টি পড়ার সময় যেসব বিষয় দৃষ্টি আকর্ষণ করবে সেটা মার্ক করে রাখুন।
- বুঝার জন্য Transition words, যেমন- However, therefore, and, thus etc. এই জাতীয় শব্দগুলোর দিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে। তাহলে Author এর logic flow কোনদিকে যাচ্ছে ধরাটা সহজ হবে।
- Passage টি বুঝলে পরে Major and Minor Details আলাদা করে ফেলুন। Summary লেখার সময় Minor Details avoid করুন।
- Summary তে পুনরাবৃত্তি, ব্যাখ্যা, উদাহরণ, পরিসংখ্যান Avoid করুন।
- Summary লেখার সময় একাধিক Simple Sentence কে Participle, gerund or noun in apposition ব্যবহার করে একটি Simple Sentence এ রুপান্তর করতে হয়। আবার দীর্ঘ Complex বা Compound Sentence কে Simple Sentence এ রুপান্তর করতে হয়। তাই Grammar এর Transformation of Sentences এর নিয়মাবলী ভালো করে জানা প্রয়োজন।
- Summary লেখার সময় শব্দসমূহকে "এক কথায় প্রকাশ" করলে ভালো হবে। যেমন - Use the word "Extravagant" instead of "A person who spends too much ".
- Try using more and more subordinations/coordination /relative clause to maintain coherence.
- Summary হতে হবে Connected whole and complete. Separate প্যারা ব্যাবহার না করাই উত্তম।
- Pasaage এর order follow না করলেও হয়। তবে কোন গুরুত্বপূর্ণ অংশ বাদ দেয়া যাবেনা।
- Summary সহজ ভাষায় লেখা উত্তম। তাই প্রাঞ্জলতার দিকে বিশেষ গুরুত্ব দিতে হবে। ঘুরিয়ে প্যাচিয়ে না বলে মূল Gist টুকু তুলে ধরাই Summary এর কাজ।
- Summary এর কিছু ফরম্যাট আছে। যেমন প্রথম বাক্যে আমরা বলি - This passage focuses on/The text deals with etc. এইরকম phrase গুলো জানতে ও সঠিক জায়গায় ব্যবহার করতে বেশী বেশী Practice এর বিকল্প নেই।
- অবশ্যই Grammar or spelling এ ভুল করা যাবেনা।
- Last but not least - Reserve your opinion. অর্থ্যাত কোনভাবেই নিজের ইমোশন, নিজের কোন মত Summary তে লেখা যাবেনা। Stay in the pasage. কেবলমাত্র Passage এ যা আছে তা তুলে ধরতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

**Overall এই অংশে ভালো করতে হলে আমাদের নিম্নোক্ত বিষয়গুলো চর্চা করতে হবে:**

- Tense, Sentence structure, Right form of Verbs, Connectors, Transformation of Sentences, Punctuation.
- Skimming & Scanning.

➢ **রেফারেন্স:**

✓ ইংরেজী পত্রিকা/ইংরেজী অনলাইন নিউজ পোর্টাল.

✓ ভালো কোন গ্রামার বই।

বিগত বছরের বিসিএস লিখিত পরীক্ষার ইংরেজী বিষয়ের প্রশ্ন সমাধান করবেন।

## ❖ Write letter to the Editor about the Thematic issue of the passage. (20)

এখানে Letter to Editor থাকবে মার্কস ২০। Formal Letter writing এর ক্ষেত্রে আসলে Rules ই আসল কথা। সমস্যা হলো, এ ধরণের লেটারের কোন ফিক্সড ফরম্যাট খোঁজে পাওয়া বেশ মুশকিল। NCTB প্রণীত 9-10 এর Grammar বইয়ের Format টা ব্যবহার করা সেইফ। তবে বইটিতে Partial উত্তর দেয়া আছে -সেখানে Letter to the editor (যেখানে পাবলিশ করার পারমিশন চাওয়া হয়) আছে, তবে সংযুক্ত feature /Report/ যেটা পাবলিশ হবে পত্রিকায় সেটা নেই। আমাদের দুই অংশই লাগবে BCS এর জন্য।

➢ **লেখার কৌশল:**

- প্রথমেই হেডিং ও সেন্ডারের এড্রেস থাকবে। সাবজেক্ট অনেকেই না দিলেও চলে বলেন, তবে দেওয়াটাই সেইফ। Editor কে সম্বোধন করার পর ৩-৪ বাক্যে লেটারটি প্রকাশ করার অনুরোধ করে Yours/Sincerely/With Regards দিয়ে নাম, সংক্ষিপ্ত ঠিকানা দিয়ে শেষ করে দিবেন।
- এরপর থাকবে সিম্পল একটা টাইটেল।
- এবার মূল feature/Report/ যেটা পাবলিশ হবে - সেটা লিখবেন। এ অংশকে ৪ ভাগে ভাগ করা যায়-

  ✓ Clarification of the issue.

  ✓ Practical Experience /Present Condition.

  ✓ Express your opinion.

  ✓ Concluding statement.

.

- অনেকেই এটা পুরো লেখার পর আবার লেখকের নাম ঠিকানা দেন, অনেকে দেন না। দুইটাই শুদ্ধ। এ ধরণের লেটারের আসলে নানান ফরম্যাট প্রচলিত।
- লেখার সময় Formal languae use করতে হবে। Passive Voice & Modal Auxiliary এর ব্যবহার Language কে Formal করে।
- Alignment এর ক্ষেত্রে বৃটিশ অথবা আমেরিকান যেকোন একটা ব্যবহার করা যাবে।

➤ **রেফারেন্স:**

✓ ভালো কোন গ্রামার বই থেকে Structure দেখে নিতে হবে।

✓ বিগত বছরের বিসিএস লিখিত পরীক্ষার ইংরেজী বিষয়ের প্রশ্ন।

## ❖ Essay (50)

এই অংশে ৩ টি Esaay থেকে একটি উত্তর করতে হবে। মার্ক ৫০ করে।

➤ **Essay লিখার জন্য গাইডলাইন:** Essay লেখার মূল পূর্বশর্ত ২ টি-

- Adequate & Accurate Information
- রচনাশৈলী

পুরো Essay এর মার্ক ৫০। যে প্রশ্নের মার্ক যতো বেশি, তাতে মার্ক কম পাবার সম্ভাবনাও ততো বেশি। এখানে বড় ধরণের একটা মার্ক হারানোর সম্ভাবনা থেকে যায়। তাই খুবই কেয়ারফুল প্রিপারেশন থাকতে হবে Essay এর ব্যাপারে।

➤ **লেখার কৌশল:**

- **একটা Essay কত বড় হবে?**
  ✓ ১০০০ শব্দের একটা requirement থাকে। অর্থ্যাৎ হাতের লেখা অনুসারে ১২-১৪ পেইজ। হালকা বেশী হলে সমস্যা নেই। এর চেয়ে কম না হওয়াই ভালো। কারণ মার্ক যেহেতু বেশি, মার্ক তো দেয়ার জায়গা থাকা লাগবে।
- **পরীক্ষার কখন লিখবো?**
  ✓ সব প্রশ্ন লেখার পরে ঠান্ডা মাথায় লেখা ভালো। আবার ধারাবাহিকভাবেও লেখা যায়। তবে শুরুতে না লেখাটাই উত্তম।
- কতটুকু সময় দিবো?
  ✓ প্লাস মাইনাস ৫০ মিনিট। অনেকেই শুরুতেই Essay লিখেন। ধরুন, Essay পারফেক্টলি কমন পড়ে গেলো, ভাবলেন শুরুতেই লিখলে Examiner মুগ্ধ হবেন। কিন্ত এখানে সমস্যা হলো - প্রথমেই এটা লিখলে সময় বেশী চলে যাওয়ার একটা চান্স থাকে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

## ➢ Analysis: কোন Essay টা Answer করা ভালো –

- প্রথমেই আগের প্রশ্ন এনালাইসিস করলে যেখা যায় - ৩ টা অপশন থাকে। এর মধ্যে একটা/দুইটা থাকে বাংলাদেশের Problem/prospects নিয়ে। এটা সচরাচর Recent issues থেকে আসে। এই Essay তে সাধারণত প্রচুর Data দেয়ার সুযোগ থাকে। International Recent issue ও আসে। এখানেও Data ই মুখ্য। এছাড়াও Environment related কিছু একটা থাকার সম্ভাবনা থাকে। এটাও তথ্যভিত্তিক।

- মাঝে মাঝে Imaginary situation সম্পর্কিত Essay থাকে। Imaginary situation ভিত্তিক Essay থাকে। এখানে Data এর চেয়ে লেখার রচনাশৈলী গুরুত্বপূর্ণ।

আসলে সবার আগে Essay Select করাটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। যেহেতু এই লেখায় অনেক বড় একটা মার্ক, আর অনেক Time consuming, তাই কিছুটা লিখে ফিরে আসার কোন সুযোগ নেই। Essay selection এর সময় যে জিনিসগুলো আপনি লক্ষ্য করবেন-

- কোন Essay নিয়ে আপনি well prepared? যেটায় সবচেয়ে বেশী তথ্য জানেন, বেশী ভালো আইডিয়া আছে ওইটাই লিখবেন।
- একটা Essay নিয়ে আপনি অনেক জানেন কিন্ত সেই Essay টা আসলে বেশী কমন লাগছে-সবাই হয়ত এটাই দিবে-তাই এটা বাদ দিয়ে লেস কমন একটা Essay লিখলেন যেটা সম্পর্কে আপনি নিজে বেশী একটা প্রিপেয়ার্ড না-এই রকম ভুল করা যাবেনা। কমন আনকমনে খুব একটা মার্ক হেরফের হয়না, বরং উল্টো আনকমন কিছু আন্দাজে লিখে লেখার মান প্রশ্নের মুখে পড়ে যাবে। তাই যেটা ভালো জানেন ওইটাই লিখুন।
- Imaginary situation নিয়ে লেখা Essay গুলো অনেক Descriptive হতে হয়। অনেক বেশিই চিন্তা করা লাগে। এটা বেশি Time consuming হয়।

## ➢ After-selection strategies:

- Essay selection শেষ। এবার Brainstorm শুরু করুন। মনের মাঝে কী কী তথ্য আছে সেটা Collect করে ফেলুন।
- এবার পেন্সিল/কলম দিয়ে খাতায় একটা পেইজে একটা চার্ট রাফ করুন যে কী কী পয়েন্ট আপনি লিখবেন। কোন পয়েন্ট আগে আসবে, কোনটা পরে, কোনটায় বেশি ইনফো দিবেন, কোনটায় কম - চট করে সেটা এই চার্টে সাজিয়ে ফেলুন। Outline টা খুবই গুরুত্বপূর্ণ। এটা অনেক সময় বাঁচায়। Wh questions-who/what/how/why/when/where- এইগুলো ধরে ধরে আগালে টপিক ক্লিয়ার হয়ে যায়।
- এবার Introduction. খুব Snappy/Eye catchy একটা Introduction লেখার চেষ্টা করবেন যাতে Examiner এর মনোযোগ দ্রুত আকর্ষিত হয়। ভালো Introduction লেখার অনেক style আছে। অন্যতম দুইটা হলো –
  - ✓ প্রবাদবাক্য, কোন উক্তি দিয়ে শুরু করা।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

✓ ছোট্ট কোন গল্প দিয়ে শুরু করা (Extra সাহসী পদক্ষেপ এটা)।

Introduction যেন বেশী বড় না হয়, আবার বেশী ছোটও না হয়। Introction এ সংজ্ঞায়ন করে ফেলার দরকার নেই।

- Essay-তে Introduction - Conclusion মেনশন করার দরকার নেই। বরং মাথার মাঝে যে পয়েন্টটা আছে সেটা প্যারাগুলোর প্রথম বাক্যেই মেনশন করে ফেলুন। এতে কোন প্যারার প্রথম বাক্য দেখলেই পরীক্ষক বুঝে ফেলবেন ওই প্যারায় কী নিয়ে আলাপ করা হয়েছে।
- Body of the essay - মানে ভূমিকা ও উপসংহারের মাঝখানের পয়েন্টগুলোর Order & Unity খেয়াল করতে হবে।
- প্রথমেই সাজিয়ে নিতে হবে কোনটা আগে কোনটা পরে দিবেন। আবার একটার সাথে আরেকটার কানেকশন আছে কিনা সেটাও খেয়াল রাখা লাগবে। Transition Words use করে Coherence ঠিক রাখা লাগবে।
- Conclusion - A good ending makes your writing perfect. অনেকেই Essay এর উপসংহার চট করে শেষ করে দেন বা জাস্ট ১/২ বাক্যে শেষ করে দেন।এটা করা যাবেন। Conclusion আকারে ছোট হলেও Well organized & Well thought হতে হবে।দুয়েকটা ইম্পর্টেন্ট সামারি এখানে আসবে। To the point, subject related প্রবাধ/উক্তি দিয়ে শেষ করা যায়।

## ➢ যা করবেন না:

- Don't pad your answer - Bluffing করা যাবেনা। মানে তথ্যের সোর্স যাতে ভুল না হয়। আনুমানিক/প্রায় এ জাতীয় শব্দাংশ ব্যবহার করলেও মূল data এর কাছাকাছি হতে হবে।
- Don't use "Kitchen Sink" approach- সব তথ্যই ব্যবহার করার দরকার নেই। অনেকেই বিভিন্ন টপিকে যা জানেন সব উগড়ে দিয়ে আসেন। যত্র-তত্র info use না করে, relevant info ব্যবহার করতে হবে।
- Don't use slang or contraction.
- Don't make it extra emotional.
- Grammatical error/spelling mistakes এগুলা প্রচুর মার্ক নষ্ট করে।

## ➢ আরো কিছু টিপস:

- Use serious language.
- Proofreading এর জন্য আলাদা সময় রাখতে হবে।
- Simple sentence এর সাথে Complex & Compound Sentence use করা ভালো।
- টেবিল আকারে কিছু দিতে পারলে ভালো হয়। যেমন-কয়েক বছরের তুলনা (অবশ্যই relevant হতে হবে)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

- অনেকেই Essay অনেক পড়ে যান। কিন্তু বাসায় আগে কখনো লিখে যান না। লিখে চর্চা করার সাজেশন থাকবে। কারণ, অনেকেই লেখার স্পিডের অভাবে অনেক তথ্য বাদ দিয়ে আসেন। তাছাড়া বাসায় লিখলে লেখার নিজের আকার/আকৃতি নিয়েও ধারণা নিয়ে যাওয়া যায়।

**Overall এই অংশে ভালো করতে হলে আমাদের নিম্নোক্ত বিষয়গুলো চর্চা করতে হবে:**

- Tense, Sentence structure, Right form of Verbs, Connectors, Transformation of Sentences, Punctuation.
- Read Newspape regularly & gather information
- সকল তথ্য আগেই নোট করে রাখা ভালো। ভুল তথ্য/অতিরিক্ত পুরাতন তথ্য/ভুল উক্তি/আংশিকভাবে পরিবর্তিত উক্তি ব্যবহার করা যাবেনা।

## ➢ গুরুত্বপূর্ণ কিছু রচনা:

- ✓ Impact of Social Media on Young Generation [38th, 41st BCS]
- ✓ Bangladesh: Towards the Highway of Development
- ✓ Emancipation of Women in Bangladesh Empowerment of Women in Bangladesh [34th BCS]
- ✓ Impact of Foreign Remittance in Bangladesh [43rd BCS]
- ✓ The Russia-Ukraine War and Its Impact on World Economy [44th BCS]
- ✓ Bangladesh's Graduation to a Middle Income Country: Prospects and Challenges [41st BCS]
- ✓ Smart Bangladesh: Vision 2041 and the Prosperity of Bangladesh
- ✓ Preparing Bangladesh for Fourth Industrial Revolution (4IR): Opportunities & Challenges.
- ✓ Child Labour and Rights of Children
- ✓ Democracy and Good Governance [40th BCS]
- ✓ Climate Change
- ✓ Liberation War and Independence of Bangladesh
- ✓ The Social-economic Prospects of Padma Multipurpose Bridge
- ✓ Dhaka Metro Rail: New Era City Communication
- ✓ Bangladesh Delta Plan 2100: Implementation Challenges and Way Forward
- ✓ Sustainable Development Goals and Bangladesh
- ✓ Bangabandhu and the Independence of Bangladesh [44th BCS]
- ✓ Communal Harmony and Bangladesh
- ✓ The Impact of Globalization in Bangladesh Corruption: The Invincible Monster [40th BCS]
- ✓ Terrorism: A Global Threat
- ✓ Refugee Crisis: A Global Threat [36th BCS]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

- ✓ Environmental Pollution in Bangladesh
- ✓ Natural Disasters in Bangladesh.
- ✓ Blue Economy in Bangladesh: Prospects and Challenges.
- ✓ Green Economy and Sustainable Development of Bangladesh.
- ✓ Importance of Renewable Energy Development of Bangladesh.

➢ **রেফারেন্স:**

- ✓ ইংরেজী পত্রিকা/ইংরেজী অনলাইন নিউজ পোর্টাল।
- ✓ ভালো কোন Essay-সংকলন।
- ✓ বিগত বছরের বিসিএস লিখিত পরীক্ষার ইংরেজী বিষয়ের প্রশ্ন।

## ❖ Translation: English to Bengali (25)

এখানে ১টি অনুবাদ থাকবে ২৫ মার্কস।

➢ **লেখার কৌশল:**

- অনুবাদের অংশটুকু একাধিকবার পড়ে অন্তর্নিহিত মূলভাব বুঝে নিতে হবে শুরুতেই।
- মূল বাক্যে যে ধরণের Tense, Verb, voice থাকে তা অনূদিত অংশেও একই ধরণের Tense, Verb, voice ব্যবহার করতে হয় । ইংরেজি Proper Noun গুলোর অনুবাদ হয়না।
- বড় বাক্যগুলো সহজে অনুবাদ করার জন্য Break-Translate-Rearrange টেকনিক অনুসরণ করা ভালো। এক্ষেত্রে প্রথমেই বাক্যের Subjet-Predicate বের করে নিলে সুবিধা হয় । পরে সুবিধামতো ভেংগে ভেংগে অনুবাদ করে পুনরায় বাক্যটি সাজিয়ে লিখলে ভুল হবার সম্ভাবনা কমে।
- ভাষা হবে প্রাঞ্জল, অপ্রচলিত পরিভাষা না লেখাই উত্তম। কোন অংশই বাদ দেয়া যাবেনা, কোন শব্দ অসংখ্যবার রিপিট করা যাবেনা এবং গুরুচন্ডালী দোষ অর্থ্যাৎ সাধু চলিতের সংমিশ্রণ করা চলবে না।
- বাংলা শব্দের বানান এর ব্যাপারে যত্নশীল হতে হবে।
- অপ্রচলিত পরিভাষা ব্যবহারের চেয়ে মূল ভাষাই ব্যবহার করলে ভালো হয়।

➢ **রেফারেন্স:**

- ✓ দেশি ইংরেজি পত্রিকা ও বিদেশী অনলাইন নিউজ পোর্টাল – এর গুরুত্বপূর্ণ নিউজ প্রতিবেদন ও সম্পাদকীয় (ইংরেজি থেকে বাংলা করার অনুশীলন করুন।)
- ✓ যেকোন ভালো গাইড বই।
- ✓ গত কয়েক বছরের বিসিএস ইংরেজী লিখিত পরীক্ষার প্রশ্ন।

উপরোক্ত সোর্স থেকে অনুবাদ নিয়মিত অনুশীলন এর মাধ্যমে ভোকাবুলারি সমৃদ্ধ করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

## ❖ Translation: Bengali to English (25):

এখানে ১ টি অনুবাদ থাকবে যার মার্কস হবে ২৫। এখানে বাক্যের গঠন অনেকসময়েই যথেষ্ট জটিল হয়, এছাড়াও বাংলা থেকে ইংরেজি অনুবাদটি অনেক সময়েই আকারে বেশ বড় হয়। এক্ষেত্রেও English to Bengali Translation এর কৌশলগুলো লক্ষ্য করতে হবে।

### ➢ লেখার কৌশল:

- English Grammar এর দিকে বিশেষ মনোযোগী হতে হবে। কোনভাবেই যাতে Grammar এ কোন ভুল না হয়।
- বাংলা প্রবাদ ও বিভিন্ন Terms এর অনুবাদে ইংরেজি প্রবাদ ও পরিভাষা ব্যবহার করতে হবে।
- বিখ্যাত ব্যক্তি বা স্থানের বহুল ব্যবহৃত ও স্বীকৃত ইংরেজি বানানটাই লিখতে হবে। যেমন -রবীন্দ্রনাথ ঠাকুর নামের বানান।
- অনুবাদে ভালো করার জন্য প্রতিদিন অনুশীলনের বিকল্প নেই।
- আক্ষরিক অনুবাদ না করে ভাবানুবাদ করার চেষ্টা করবেন।
- বাক্য খুব বড় হয়ে গেলে ভেঙ্গে সরল, প্রাঞ্জল ও বোধগম্য ভাষায় লিখবেন।
- বিভিন্ন প্রত্রিকার (যেমন: ডেইলি স্টার, বিবিসি, আল জাজিরা প্রভৃতি) সম্পাদকীয়, বিজনেস পাতা এবং আন্তর্জাতিক পাতার গুরত্বপূর্ণ অংশগুলো প্রতিদিন পড়তে হবে।

### ➢ রেফারেন্স:

✓ ইংরেজি পত্রিকার সম্পাদকীয়।
✓ যেকোন গাইড বই।
✓ বাংলাপিডিয়ার ইংরেজি ও বাংলা দুইটা ভার্শন পাওয়া যায় অনলাইনে। এখান থেকে অনুবাদ অনুশীলন করলে প্রাঞ্জল সমাধানটি সাথে সাথেই চেক করে নিতে পারবেন।
✓ গত কয়েক বছরের বিসিএস ইংরেজী লিখিত পরীক্ষার প্রশ্ন।

### ➢ আরো কিছু সাজেশন:

- কোন ভাষায় দক্ষতা অর্জনের জন্য অনুশীলনের বিকল্প নেই। ইংরেজীতে যেকোন টপিকে ভালো করতে গ্রামার ভালোভাবে বুঝতে হবে। বিশেষ করে উপরোক্ত বিষয় দুটিতে ভালো করতে Tense, Different types of sentences, Right forms of verb, Phrase, Connectors, voice ইত্যাদি সম্পর্কে ভালো আইডিয়া থাকতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

- এছাড়াও রোজ কিছু কিছু করে হলেও নতুন শব্দের অর্থ শিখতে হবে এবং সেই সব শব্দের প্রায়োগিক দিক সম্পর্কে জানতে হবে। এছাড়াও বাংলাদেশের ইতিহাস এর সাথে জড়িত কিছু টার্ম কিংবা জলবায়ু বা সাম্প্রতিক কোন আলোচিত বিষয়ের সাথে সংশ্লিষ্ট টার্মের অর্থ জানতে হবে । এসবের জন্য ইংরেজি পত্রিকার সম্পাদকীয় অনুবাদের চর্চার কোন বিকল্প হয়না। এছাড়াও এজন্য একটা আলাদা নোটবুক মেন্টেইন করতে হবে। যখনই যেখানে কোন অপরিচিত শব্দ দেখবেন সেটা টুকে রাখবেন ও পরে অর্থ বের করে বুঝে নিবেন।

- সময়ের প্রতি বিশেষ মনোযোগী হতে হবে এবং সকল প্রশ্নের উত্তর করে আসতে হবে। একটা প্রশ্নের উত্তর বাদ দিলেন তো অনেকখানে পিছিয়ে গেলেন। বিসিএস খুবই প্রতিযোগিতামূলক একটি পরীক্ষা। তাই সময়ের বিভাজনটি পরীক্ষার শুরুতেই করে নিন।

**[সবার জন্য অনেক অনেক শুভকামনা]**

আমরা বিশ্বাস করি যে, **Live Written™** আপনার প্রস্তুতিকে একধাপ এগিয়ে নিয়ে আপনার চূড়ান্ত লক্ষ্যে পৌঁছে দিতে সহযোগিতা করবে।
আপনার উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভকামনা ও অকৃত্রিম ভালোবাসা রইল।
**CrackTech, Bangladesh**